



ফোন :  
অফিস : ৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়  
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০।

Phone :  
Office : 9555133  
Fax : 0088-02-9564763

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৩৮

তারিখঃ ২৪-০৬-২০২০ খ্রিঃ


### বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের করোনা (কোভিড-১৯) টেস্ট সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অবহিত করা যাচ্ছে যে, বৈশ্বিক মহামারী করোনা (কোভিড-১৯) ভাইরাসের সংক্রমণ বৃদ্ধির মধ্যে বন্যা, নদী ভাঙ্গন, জলোচ্ছ্বাস জনিত জরুরী অবস্থা মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ সার্বক্ষণিক নিয়োজিত আছেন। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতামত অনুযায়ী করোনা মোকাবেলার প্রাথমিক পর্যায়ে সংক্রমণ সনাক্তকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সনাক্তকরণ পরীক্ষা দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ইতোমধ্যে কিউর ও স্মাইল বাংলাদেশ ফাউন্ডেশন হেলথ সেন্টার (সিএসবিএফ হেলথ সেন্টার), ১ কাজী নজরুল ইসলাম সরণি, ঢাকা-১২১৫ এর সাথে একটি সমঝোতার মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে সশরীরে সিএসবিএফ হেলথ সেন্টারে উপস্থিত হয়ে স্ব স্ব অর্থায়নে জনপ্রতি ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদানের মাধ্যমে করোনা সনাক্তকরণ পরীক্ষা করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

এই সুবিধা শুধুমাত্র বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী এবং তাদের পরিবারের সকল সদস্যের জন্য প্রযোজ্য হবে। সেক্ষেত্রে অবশ্যই সিএসবিএফ হেলথ সেন্টারে নিজ বাপাউবো পরিচয়পত্র এবং পরিবারের সদস্যের জন্য নিজ দপ্তর প্রধান কর্তৃক সুপারিশপত্র প্রদর্শন করতে হবে। টেস্ট সংক্রান্ত যে কোন তথ্যের জন্য সিএসবিএফ হেলথ সেন্টারের ০১৭৩০-৭১৭০০৯ এবং ০৯৬১২-১০৯১০৯ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তি জারী করা হলো।

  
মোঃ মুজিবুর রহমান  
সচিব

বাপাউবো, ঢাকা

মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

তারিখঃ ২৪-০৬-২০২০ খ্রিঃ

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৩৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর।
- ১০-১১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর), বাপাউবো, ঢাকা।
- ১২-১৪। প্রধান, মনিটরিং/পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ১৫। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ১৬-১৮। প্রকল্প পরিচালক/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)....., বাপাউবো, .....
- ১৯। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ২০। নির্বাহী প্রকৌশলী (সকল) ....., বাপাউবো, .....
- ✓ ২১। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ২২-২৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।

  
২৪-০৬-২০২০

মোঃ সিরাজুল ইসলাম

উপ-পরিচালক (বোর্ড)


বাপাউবো, ঢাকা।

তারিখঃ ২৪-০৬-২০২০ খ্রিঃ

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৩৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেনারেল ম্যানেজার, কিউর ও স্মাইল বাংলাদেশ ফাউন্ডেশন হেলথ সেন্টার (সিএসবিএফ হেলথ সেন্টার), ১ কাজী নজরুল ইসলাম সরণি, ঢাকা-১২১৫।

  
২৪-০৬-২০২০

মোঃ সিরাজুল ইসলাম

উপ-পরিচালক (বোর্ড)